শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা

# নতুন কুঁড়ি-২০২৫

## বাংলাদেশ টেলিভিশন

(পরিকল্পনা)

www.btv.gov.bd

বাংলাদেশ টেলিভিশন

## অনুষ্ঠান প্রবাহ

# নতুন কুঁড়ি ২০২৫

**পুরস্কার বিতরণী**
(২ জন শ্রেষ্ঠ প্রতিযোগী, প্রতি শাখার প্রতি বিষয়ে ১ জন করে ১ম স্থান, ২য় স্থান ও ৩য় স্থান)
(তারিখ নির্ধারিত হওয়ার পর যথাসময়ে অবগত করা হবে)

↑

**ফাইনাল (১ম, ২য়, ৩য় স্থান ও শ্রেষ্ঠ শিশু শিল্পী নির্ধারণ) (৯০ জন)**
(০২ নভেম্বর -০৬ নভেম্বর ২০২৫ সরাসরি সম্প্রচার)

↑

**গ্রুমিং (৯০ জন)**
(২৯ অক্টোবর -৩১ অক্টোবর ২০২৫)

↑

**সেরা দশ (১৮০ জন)**
(২৩ অক্টোবর-২৮ অক্টোবর ২০২৫)

↑

**চূড়ান্ত বাছাই (৭২০ জন)**
(০২ অক্টোবর-২১ অক্টোবর ২০২৫)

↑

**বিভাগীয় বাছাই (০৮ টি বিভাগ) (ইয়েস কার্ড প্রাপ্ত সকল প্রতিযোগী)(সম্ভাব্য-১০২৬০ জন)**
(২৩ সেপ্টেম্বর-২৮ সেপ্টেম্বর ২০২৫)

ঢাকা | চট্টগ্রাম | রাজশাহী | খুলনা | বরিশাল | সিলেট | রংপুর | ময়মনসিংহ

↑

**আঞ্চলিক বাছাই (১৯টি অঞ্চল) (সকল আবেদনকারী)**
(১১ সেপ্টেম্বর - ২০ সেপ্টেম্বর ২০২৫)

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা-১ (ঢাকা, গাজীপুর, ও মানিকগঞ্জ) | ঢাকা-২ (মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ ও নরসিংদী) | ঢাকা-৩ (ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর) | ময়মনসিংহ-১ (ময়মনসিংহ, শেরপুর ও নেত্রকোণা) | ময়মনসিংহ-২ (টাঙ্গাইল, কিশোরগঞ্জ ও জামালপুর) | সিলেট (সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ) | রংপুর-১ (রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী ও গাইবান্ধা) | রংপুর-২ (দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়) | রাজশাহী-১ (রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ ও পাবনা) | রাজশাহী-২ (বগুড়া, জয়পুরহাট, নওগাঁ ও সিরাজগঞ্জ) |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| খুলনা-১ (খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা) | খুলনা-২ (যশোর, ঝিনাইদহ, মাগুরা ও নড়াইল) | খুলনা-৩ (কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা) | বরিশাল-১ (বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর) | বরিশাল-২ (পটুয়াখালি, বরগুনা ও ভোলা) | চট্টগ্রাম-১ (চট্টগ্রাম ও কক্সবাজার) | চট্টগ্রাম-২ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) | চট্টগ্রাম-৩ (কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া) | চট্টগ্রাম-৪ (নোয়াখালী, লক্ষ্মীপুর ও ফেনী) |

**পটভূমিকা:** ১৯৭৬ সালে জাতীয় টেলিভিশন প্রতিযোগিতা হিসেবে 'নতুন কুঁড়ি' বাংলাদেশ টেলিভিশনে যাত্রা শুরু করে। অনুষ্ঠানটির নামকরণ 'নতুন কুঁড়ি' করা হয়েছিল কবি গোলাম মোস্তফার 'কিশোর' নামক কবিতা থেকে। উপমহাদেশের প্রথম রিয়েলিটি শো প্রতিভা অন্বেষণের এই সিগনেচার প্রোগ্রামটি শুরু থেকেই নতুন প্রজন্মসহ সকল শ্রেণীর দর্শকদের কাছে অত্যন্ত জনপ্রিয় একটি প্রোগ্রাম হিসেবে পরিচিতি লাভ করেছিল, যদিও অজ্ঞাত কারণে এটি দীর্ঘদিন বন্ধ থাকে। তবে, ভিন্ন নামে (নবস্পন্দন) এবং ভিন্ন থিমসং দ্বারা এই প্রোগ্রামটি চালুর চেষ্টা করা হয়েছিল, কিন্তু পরিবর্তিত নামে অংশগ্রহণকারীদের কাছ থেকে উল্লেখযোগ্য সাড়া পাওয়া যায়নি। বাংলাদেশ টেলিভিশনের যাত্রার শুরু থেকেই 'নতুন কুঁড়ি' নামে এই প্রোগ্রামটি দেশ-বিদেশে প্রচুর সুনাম ও দর্শকপ্রিয়তা অর্জন করায় এবং এই প্রোগ্রামের মাধ্যমে দেশে অনেক খ্যাতিমান শিল্পী তৈরী হওয়ায় দেশব্যাপী প্রতিভা অন্বেষণ ও বিকাশের সুযোগ সৃষ্টির জন্য অরিজিনাল থিমসংসহ 'নতুন কুঁড়ি' প্রোগ্রামটি পুনরায় চালু করা প্রয়োজন।

## ১. প্রতিযোগিতার বিষয়ভিত্তিক বিভাগ:

(ক) **অভিনয় বিভাগ:**

১. অভিনয়
২. আবৃত্তি
৩. গল্পবলা/ কৌতুক

(খ) **নৃত্য বিভাগ:**

৪. সাধারণ নৃত্য / উচ্চাঙ্গ নৃত্য

(গ) **সঙ্গীত বিভাগ:**

৫. দেশাত্ববোধক/আধুনিক গান
৬. নজরুল সঙ্গীত
৭. রবীন্দ্র সঙ্গীত
৮. লোক সঙ্গীত
৯. হামদ-না'ত

## ২. শাখা:

**'ক' শাখা:** বয়স সীমা ৬- ১১ বছরের নিম্নে (ছেলে-মেয়ে উভয়)
**'খ' শাখা:** বয়স সীমা ১১ - ১৫ বছর পর্যন্ত (ছেলে-মেয়ে উভয়)

## ৩. সময় সূচি:

আবেদন গ্রহণ: ১৫ আগস্ট ২০২৫ থেকে ০৫ সেপ্টেম্বর ২০২৫

**আঞ্চলিক (প্রাথমিক) বাছাই (১৯ টি অঞ্চলে):** ১১ সেপ্টেম্বর ২০২৫ থেকে ২০ সেপ্টেম্বর ২০২৫

**বিভাগীয় বাছাই (৮ টি বিভাগ):** ২৩ সেপ্টেম্বর ২০২৫ থেকে ২৮ সেপ্টেম্বর ২০২৫

**ঢাকা পর্ব:**

ক. **চূড়ান্ত বাছাই:** ০২ অক্টোবর ২০২৫ থেকে ২১ অক্টোবর ২০২৫ (২০ দিন)
খ. **সেরা দশ:** ২৩ অক্টোবর ২০২৫ থেকে ২৮ অক্টোবর ২০২৫ (০৬ দিন)
গ. **গ্রুমিং:** ২৯ অক্টোবর ২০২৫ থেকে ৩১ অক্টোবর ২০২৫ (০৩ দিন)
ঘ. **ফাইনাল:** ০২ নভেম্বর ২০২৫ থেকে ০৬ নভেম্বর ২০২৫ (০৫ দিন)
ঙ. **পুরস্কার বিতরণী:** তারিখ নির্ধারিত হওয়ার পর যথাসময়ে অবগত করা হবে (০১ দিন)।
[অনিবার্য কারণে তারিখ/সময়সূচি পরিবর্তনযোগ্য]

## ৪. আবেদন/ রেজিস্ট্রেশন প্রক্রিয়া:

১. অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রতিযোগীরা বিটিভির ওয়েবসাইট www.btv.gov.bd এ প্রবেশ করে নতুন কুঁড়ি ব্লকে গিয়ে Google Form যথাযথভাবে পূরণ করে বিনামূল্যে অনলাইনে আবেদন সাবমিট করতে পারবে।

২. এছাড়া, বিটিভির ওয়েবসাইট থেকে ম্যানুয়্যাল আবেদন ফরম ডাউনলোডপূর্বক নির্ধারিত কাগজপত্র সংযুক্ত করে notunkuribtv@gmail.com ই-মেইলে কিংবা রেজিস্ট্রি ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে 'নতুন কুঁড়ি', বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা-১২১৯ বরাবর নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যে আবেদন প্রেরণ করতে পারবে।

৩. আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্ধারিত স্থানে নাম ও তারিখ লিখে প্রতিযোগীর জন্মসনদ, সদ্যতোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং পিতা অথবা মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত/আপলোড করতে হবে।

৪. অফিস কর্তৃক রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত অংশ আবেদনকারী প্রদত্ত হোয়াটসঅ্যাপ নম্বরে প্রেরণ করা হবে।

৫. একজন প্রতিযোগী সর্বোচ্চ ৩ টি বিষয়ে আবেদন করতে পারবে।

৬. যেকোন একটি পদ্ধতি অনুসরণ করে আবেদন করতে হবে। একাধিক পদ্ধতিতে আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

## ৫. বাছাই প্রক্রিয়া:

### ১. আঞ্চলিক পর্যায়ে বাছাই প্রক্রিয়া:

ক.দেশের ৬৪ জেলাকে ১৯ টি অঞ্চলে বিভক্ত করে ১৯ টি অডিশন কমিটির মাধ্যমে ১১ সেপ্টেম্বর ২০২৫ তারিখ থেকে ২০ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত প্রাথমিক বাছাই সম্পন্ন হবে।

খ. বিচারকমন্ডলী (০৩ জন) হতে 'Yes Card' প্রাপ্ত প্রতিযোগীগণ বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য নির্বাচিত হবে।

### ২. বিভাগীয় পর্যায়ে বাছাই:

ক. দেশের ০৮ টি বিভাগে ০৮ টি বিভাগীয় অডিশন কমিটির মাধ্যমে ২৩ সেপ্টেম্বর ২০২৫ থেকে ২৮ সেপ্টেম্বর তারিখ পর্যন্ত বিভাগীয় বাছাই সম্পন্ন হবে।

খ. প্রতিযোগিতার বিভাগ ভিত্তিক নির্ধারিত বিচারকমন্ডলী কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে ০৮টি বিভাগ থেকে প্রতি শাখার প্রতিটি বিষয়ে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ০৫ জন করে মোট ৭২০ জন (৫জন×৮বিভাগ×৯বিষয়×২শাখা) প্রতিযোগী পরবর্তী বাছাই পর্বে অংশগ্রহণ করবে।

**৩. ঢাকা পর্ব**: বিভাগীয় পর্যায়ের উত্তীর্ণ প্রতিযোগীরা ঢাকা কেন্দ্রে নিম্নের ধাপগুলোতে প্রতিযোগিতা করবে:

### চূড়ান্ত বাছাই:

ক. বিভাগীয় পর্যায়ে প্রতি শাখায় ৩৬০ জন করে মোট ৭২০ জন প্রতিযোগী চূড়ান্ত বাছাইয়ে অংশগ্রহণ করবে।

খ. প্রতিযোগিতার বিষয়/বিভাগ ভিত্তিক বিচারকমন্ডলী কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে প্রতি বিষয় থেকে সর্বোচ্চ ১০ জন করে মোট ১৮০ জন (১০জন×৯বিষয়×২শাখা) প্রতিযোগী সেরা দশ এ অংশগ্রহণ করবে।

### সেরা দশ:

ক. চূড়ান্ত বাছাইয়ে প্রতি শাখায় প্রতি বিষয়ে উত্তীর্ণ মোট ১৮০ জন প্রতিযোগী সেরা দশ এ অংশগ্রহণ করবে।

খ. প্রতিযোগিতার বিষয়/বিভাগ ভিত্তিক বিচারকমন্ডলী কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে প্রতি বিষয় থেকে সর্বোচ্চ ০৫ জন করে মোট ৯০ জন (৫জন×৯বিষয়×২শাখা) প্রতিযোগী গ্রুমিং ও ফাইনালে অংশগ্রহণ করবে।

### গ্রুমিং:

সেরা দশ এ উত্তীর্ণ মোট ৯০ জন প্রতিযোগী ২৯ অক্টোবর ২০২৫ থেকে ৩১ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত ঢাকা কেন্দ্রে গ্রুমিং এ অংশগ্রহণ করবে। স্টিয়ারিং কমিটি প্রতিযোগীদের গ্রুমিং এর জন্য একটি বিশেষজ্ঞ প্যানেল তৈরী করবে।

### ফাইনাল:

ক. গ্রুমিং এ অংশগ্রহণকারী প্রতি শাখায় ৪৫ জন করে মোট ৯০ জন প্রতিযোগী ফাইনালে অংশগ্রহণ করবে।

খ. বিষয় ভিত্তিক নির্ধারিত বিচারকমন্ডলী (০৩ জন) কর্তৃক প্রদত্ত মোট নম্বরের ভিত্তিতে প্রতি শাখায় প্রতি বিষয়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান নির্ধারণ করা হবে। এছাড়াও একাধিক বিষয়ে বিচারকমন্ডলীর প্রদত্ত নম্বরের ভিত্তিতে প্রতি শাখায় একজন করে মোট দুইজন শ্রেষ্ঠ প্রতিযোগী নির্বাচিত হবে।

**৪. পুরস্কার বিতরণী:**

প্রতিটি শাখায় প্রতি বিষয় থেকে প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং দুই শাখার শ্রেষ্ঠ শিশু শিল্পী পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণ করবে এবং পুরস্কার গ্রহণ করবে।

**৬. নির্বাচন পদ্ধতি ও নম্বর বিভাজন:**

১. আঞ্চলিক পর্যায়ে প্রাথমিক বাছাইয়ে কোন নম্বর থাকবে না। বিচারকমন্ডলী সংখ্যাধিক্যের সম্মতির ভিত্তিতে 'Yes Card' প্রদানের মাধ্যমে বিভাগীয় বাছাই পর্বের জন্য নির্বাচন করবে।

২. বিভাগীয় পর্যায়ের বাছাই পর্বে প্রতিযোগিতার প্রতিটি বিভাগ থেকে ৩ জন বিচারক পৃথকভাবে অংশগ্রহণকারীর পারফরমেন্সের জন্য সরবরাহকৃত নম্বর কার্ডের মাধ্যমে নম্বর প্রদান করে পারফরমেন্স শেষে দর্শকদের সম্মুখে প্রকাশ করবেন। প্রত্যেক বিচারক একজন প্রতিযোগীকে সর্বোচ্চ ১০ নম্বর প্রদান করতে পারবেন। প্রত্যেক বিচারককে ১ থেকে ১০ নম্বর অঙ্কিত ১০ টি নম্বর কার্ড সরবরাহ করা হবে। অডিশন কমিটির সদস্য সচিব প্রত্যেক বিচারকের স্বাক্ষরযুক্ত নম্বর শীট সংরক্ষণ করবেন এবং নির্ধারিত শীটে প্রত্যেক প্রতিযোগীর প্রাপ্ত মোট নম্বর পৃথকভাবে লিপিবদ্ধ করবেন। প্রতিটি বিষয়ে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ০৫ জন করে প্রতিযোগী চূড়ান্ত পর্বের জন্য নির্বাচিত হবে। তবে, ০৫ জন নির্বাচনে একাধিক প্রতিযোগীর প্রাপ্ত নম্বর সমান হলে তারা প্রত্যেকেই পরবর্তী পর্বের জন্য নির্বাচিত হবে।

৩. চূড়ান্ত বাছাই, সেরা দশ এবং ফাইনাল পর্বের সমন্বয়ে ঢাকা পর্ব অনুষ্ঠিত হবে। প্রত্যেক প্রতিযোগীর জন্য সর্বমোট ৩০ নম্বর বরাদ্দ থাকবে। একজন বিচারক একজন প্রতিযোগীকে সর্বোচ্চ ১০ নম্বর প্রদান করতে পারবেন। প্রতি বিভাগের ৩ জন বিচারক পৃথকভাবে প্রত্যেক অংশগ্রহণকারীর পারফরমেন্সের জন্য সরবরাহকৃত নম্বর কার্ডের মাধ্যমে নম্বর প্রদান করে পারফরমেন্স শেষে দর্শকদের সম্মুখে প্রকাশ করবেন। প্রত্যেক বিচারককে ১ থেকে ১০ নম্বর অঙ্কিত ১০ টি নম্বর কার্ড সরবরাহ করা হবে। অডিশন কমিটির সদস্য সচিব প্রত্যেক বিচারকের স্বাক্ষরযুক্ত নম্বর শীট সংরক্ষণ করবেন এবং নির্ধারিত শীটে প্রত্যেক প্রতিযোগীর প্রাপ্ত মোট নম্বর পৃথকভাবে লিপিবদ্ধ করবেন। বিচারকমন্ডলী প্রদত্ত নম্বরের ভিত্তিতে প্রতি বিষয় থেকে সর্বোচ্চ ১০ জন করে মোট ১৮০ জন (১০×৯×২) প্রতিযোগী সেরা দশ এ, প্রতি বিষয় থেকে সর্বোচ্চ ০৫ জন করে মোট ৯০ জন (৫×৯×২) প্রতিযোগী গ্রুমিং ও ফাইনালে অংশগ্রহণ করবে।

৪. ০৩ জন বিচারক কর্তৃক প্রদত্ত মোট নম্বর ১৫ এর নিচে হলে কোন প্রতিযোগী পরবর্তী পর্বের জন্য নির্বাচিত হবে না।

৭.১ অডিশনের স্থান, সময় এবং কমিটি:

| ক্র.ন. | অঞ্চল | ভেন্যু | তারিখ (আঞ্চলিক ও বিভাগীয় বাছাই) | অডিশন কমিটি |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা-১ (ঢাকা, গাজীপুর ও মানিকগঞ্জ জেলা) | ঢাকা শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ** ১১ সেপ্টেম্বর থেকে ১৭ সেপ্টেম্বর ২০২৫<br><br>**বিভাগীয় বাছাইঃ** ২৩ সেপ্টেম্বর থেকে ২৮ সেপ্টেম্বর ২০২৫ | ১। পরিচালক (অর্থ), সদর দপ্তর, আহ্বায়ক<br>২। মোহাম্মদ সেলিম, মুখ্য শিল্প নির্দেশক, ঢাকা কেন্দ্র (সদস্য)<br>৩। পান্থ রেজা, নিয়ন্ত্রক/ মুখ্য চিত্রগ্রাহক, ক্যামেরা শাখা, ঢাকা কেন্দ্র, (সদস্য)<br>৪। মুহাম্মদ খোরশেদ আলম, নির্বাহী প্রযোজক (বার্তা), ঢাকা কেন্দ্র (সদস্য)<br>৫। ইয়াসির আরাফাত, প্রযোজক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | ঢাকা-২ (মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ ও নরসিংদী জেলা ) | ঢাকা শিল্পকলা একাডেমী (পৃথক বুথ) | ১১ সেপ্টেম্বর থেকে ১৭ সেপ্টেম্বর ২০২৫ | ১। পরিচালক, (প্রশাসন), সদর দপ্তর, আহ্বায়ক<br>২। ঝুনু আকতার, নিয়ন্ত্রক/ মুখ্য শিল্প নির্দেশক, বিটিভি, ঢাকা কেন্দ্র, (সদস্য)<br>৩। মো: শামছুল আলম, নির্বাহী প্রযোজক (বার্তা), বিটিভি, ঢাকা কেন্দ্র, (সদস্য)<br>৪। গোলাম মোর্শেদ,প্রযোজক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |
| ৩. | ঢাকা-৩ (ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলা) | ফরিদপুর শিল্পকলা একাডেমি | ১১ সেপ্টেম্বর থেকে ১৭ সেপ্টেম্বর ২০২৫ | ১। মো: মোস্তাফিজুর রহমান, কন্ট্রোলার/ প্রোগ্রাম ম্যানেজার, ঢাকা কেন্দ্র (আহ্বায়ক)<br>২। শারমিন নিগার, ঊর্ধ্বতন শিল্প নির্দেশক, বিটিভি,ঢাকা কেন্দ্র, (সদস্য)<br>৩। আল নাহিয়ান, প্রোগ্রামার, বিটিভি, ঢাকা কেন্দ্র (সদস্য)<br>৪। মো. তারিকুজ্জমান, সহোযোগী প্রযোজক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | ময়মনসিংহ -১ (ময়মনসিংহ, শেরপুর ও নেত্রকোণা জেলা) | ময়মনসিংহ শিল্পকলা একাডেমি | **বিভাগীয় বাছাইঃ** ২৩ সেপ্টেম্বর থেকে ২৮ সেপ্টেম্বর ২০২৫ **আঞ্চলিক বাছাইঃ** ১১ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর ২০২৫ | **ময়মনসিংহ ১ এবং বিভাগীয় অডিশন কমিটি** ১। মঈনুর রহমান মোল্লা, অনুষ্ঠান নির্বাহী, সদর দপ্তর, বিটিভি (আহ্বায়ক) ২। হেমায়েত হোসেন জুয়েল, নিয়ন্ত্রক/ মুখ্য শিল্প নির্দেশক, ঢাকা কেন্দ্র, (সদস্য) ৩। হাসান রিয়াদ, প্রযোজক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |
| ৫. | ময়মনসিংহ -২ (টাঙ্গাইল, কিশোরগঞ্জ ও জামালপুর জেলা) | ময়মনসিংহ শিল্পকলা একাডেমি (পৃথক বুথ) | **আঞ্চলিক বাছাইঃ** ১১ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর ২০২৫ | **ময়মনসিংহ ২ আঞ্চলিক অডিশন কমিটি** ১। তামিমা সুলতানা, উপপরিচালক (নিরাপত্তা), সদর দপ্তর (আহ্বায়ক) ২। এস এম আবু তৈয়ব, সহকারী পরিচালক (অর্থ), সদর দপ্তর (সদস্য) ৩। আফিফা আফরোজ, উপ-পরিচালক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |
| ৬. | সিলেট (সিলেট, মৌলভীবাজার হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলা) | সিলেট শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ** ১১ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর ২০২৫ | **সিলেট আঞ্চলিক এবং সিলেট বিভাগীয় অডিশন কমিটিঃ** ১।সিনিয়র সিস্টেম এনালিস্ট, সদর দপ্তর, (আহ্বায়ক) ২। মোহাম্মদ জহিরুল ইসলাম, ঊর্ধ্বতন চিত্রগ্রাহক (বার্তা), ঢাকা কেন্দ্র (সদস্য) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | **বিভাগীয় বাছাইঃ**<br>২৩ সেপ্টেম্বর থেকে<br>২৮ সেপ্টেম্বর ২০২৫ | ৩। সাদিকুল ইসলাম নিয়োগী, প্রযোজক, চট্টগ্রাম কেন্দ্র (সদস্য সচিব) |
| ৭. | রংপুর-১ (রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ও গাইবান্ধা জেলা) | রংপুর শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ**<br>১১ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর ২০২৫<br>**বিভাগীয় বাছাইঃ**<br>২৩ সেপ্টেম্বর থেকে<br>২৮ সেপ্টেম্বর ২০২৫ | **রংপুর ১ আঞ্চলিক এবং রংপুর বিভাগীয় অডিশন কমিটিঃ**<br>১। মাহবুবা ফেরদৌস, অনুষ্ঠান নির্বাহী, ঢাকা কেন্দ্র (আহ্বায়ক)<br>২। জনাব মো: শফিউল ইসলাম, সহকারী পরিচালক (প্রশাসন), বিটিভি, সদর দপ্তর (সদস্য)<br>৩। আফরোজা সুলতানা, নির্বাহী প্রযোজক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |
| ৮. | রংপুর-২ (দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা) | দিনাজপুর শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ**<br>১১ সেপ্টেম্বর থেকে<br>১৮ সেপ্টেম্বর ২০২৫ | ১। মো. সিরাজুল হক ভূঁঞা, উপ-পরিচালক (প্রশাসন), বিটিভি, সদর দপ্তর (আহ্বায়ক)<br>২। মো: ফজলু দেওয়ান, উপ-পরিচালক (অর্থ), বিটিভি, সদর দপ্তর (সদস্য)<br>৩। ইয়াসমিন আকতার, সহযোগী প্রযোজক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | রাজশাহী-১ (রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ ও পাবনা জেলা) | রাজশাহী শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ**<br>১১ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর ২০২৫<br>**বিভাগীয় বাছাইঃ**<br>২৩ সেপ্টেম্বর থেকে ২৮ সেপ্টেম্বর ২০২৫ | **রাজশাহী-১ আঞ্চলিক এবং রাজশাহী বিভাগীয় অডিশন কমিটিঃ**<br>১। মুন্সি ফরিদুজ্জামান, মুখ্য বার্তা সম্পাদক, ঢাকা কেন্দ্র (আহ্বায়ক)<br>২। মাসুদুর রহমান, নিয়ন্ত্রক/মুখ্য শিল্প নির্দেশক (সদস্য)<br>৩। মামুন মাহমুদ, প্রযোজক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |
| ১০. | রাজশাহী-২ (বগুড়া, জয়পুরহাট, নওগাঁ ও সিরাজগঞ্জ জেলা) | বগুড়া শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ**<br>**বিভাগীয় বাছাইঃ**<br>১১ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর | ১। মো: মনিরুল ইসলাম, সিঃ ইঞ্জিনিয়ার, বিটিভি, সদর দপ্তর, আহ্বায়ক<br>২। মোঃ আসিফুর রহমান, নির্বাহী প্রযোজক (বার্তা), ঢাকা কেন্দ্র (সদস্য)<br>৩। জামাল উদ্দিন, সহঃ প্রযোজক, (সদস্য সচিব) |
| ১১. | খুলনা-১ (খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলা) | খুলনা শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ**<br>১১ সেপ্টেম্বর থেকে ১৪ সেপ্টেম্বর ২০২৫ | **খুলনা ১ ও ২ আঞ্চলিক এবং খুলনা বিভাগীয় অডিশন কমিটিঃ**<br>১। মো.আনোয়ার সাদাত, নিয়ন্ত্রক/মুখ্য শিল্প নির্দেশক, ঢাকা কেন্দ্র, আহ্বায়ক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | **বিভাগীয় বাছাইঃ**<br>২৩ সেপ্টেম্বর থেকে<br>২৮ সেপ্টেম্বর ২০২৫ | ২। গৌতম কুমার, অডিয়েন্স রিসার্চ অফিসার, সদর দপ্তর (সদস্য)<br>৩। মোঃ নুরুল ইসলাম খন্দকার, প্রযোজক (বার্তা), বিটিভি, ঢাকা কেন্দ্র (সদস্য)<br>৪। এল রুমা আক্তার, প্রযোজক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |
| ১২. | খুলনা-২ (যশোর, ঝিনাইদহ, মাগুরা ও নড়াইল জেলা) | যশোর শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ**<br>১৬ সেপ্টেম্বর থেকে<br>২০সেপ্টেম্বর ২০২৫ | |
| ১৩. | খুলনা-৩ (কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা জেলা) | কুষ্টিয়া শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ**<br>১১ সেপ্টেম্বর থেকে<br>১৮ সেপ্টেম্বর ২০২৫ | ১। মোঃ মান্নাফ হোসেন, কন্ট্রোলার/ ইঞ্জিনিয়ারিং ম্যানেজার (চলতি দায়িত্ব) বিটিভি, সদর দপ্তর , আহ্বায়ক<br>২। মোঃ সিদ্দিকুর রহমান, প্রযোজক (বার্তা) ঢাকা কেন্দ্র, (সদস্য)<br>৩। সৈয়দা ফারহানা হাসান, প্রযোজক, বিটিভি, ঢাকা কেন্দ্র- (সদস্য সচিব) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | বরিশাল-১<br>(বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর জেলা) | বরিশাল শিল্পকলা একাডেমি | আঞ্চলিক বাছাইঃ<br>১৬ সেপ্টেম্বর থেকে<br>২০ সেপ্টেম্বর ২০২৫ | **বরিশাল ১ ও ২ আঞ্চলিক এবং বরিশাল বিভাগীয় অডিশন কমিটিঃ**<br>১।পরিচালক (বিজ্ঞাপন), সদর দপ্তর, আহ্বায়ক<br>২। রুনা লায়লা, নিয়ন্ত্রক/মুখ্য শিল্প নির্দেশক -সদস্য<br>৩। আব্দুল্লাহ আল মামুন, প্রযোজক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |
| ১৫. | বরিশাল-২<br>(পটুয়াখালি, বরগুনা ও ভোলা জেলা) | | ১১ সেপ্টেম্বর থেকে<br>১৪ সেপ্টেম্বর ২০২৫<br>বিভাগীয় বাছাইঃ<br>২৩ সেপ্টেম্বর থেকে<br>২৮ সেপ্টেম্বর ২০২৫ | |
| ১৬. | চট্টগ্রাম-১<br>(চট্টগ্রাম ও কক্সবাজার জেলা) | চট্টগ্রাম শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ**<br>১১ সেপ্টেম্বর থেকে<br>১৪ সেপ্টেম্বর ২০২৫<br>**বিভাগীয় বাছাইঃ**<br>২৩ সেপ্টেম্বর থেকে<br>২৮ সেপ্টেম্বর ২০২৫ | **চট্টগ্রাম ১ ও ২ আঞ্চলিক এবং চট্টগ্রাম বিভাগীয় অডিশন কমিটিঃ**<br>১। পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা), সদর দপ্তর (আহ্বায়ক)<br>২। জনাব মো: আসাদুজ্জামান নিয়ন্ত্রক/ মুখ্য চিত্রগ্রাহক, ক্যামেরা শাখা, বিটিভি, ঢাকা কেন্দ্র (সদস্য) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | চট্টগ্রাম-২ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা) | রাঙ্গামাটি শিল্পকলা একাডেমি | **আঞ্চলিক বাছাইঃ** ১৬ সেপ্টেম্বর থেকে ২০ সেপ্টেম্বর ২০২৫ | ৩। মোহাম্মদ সোলাইমান খান, বিজ্ঞাপন নির্বাহী, সদর দপ্তর, ঢাকা কেন্দ্র, (সদস্য)<br>৪। উম্মে হাবিবা দীনা, প্রযোজক, চট্টগ্রাম কেন্দ্র (সদস্য সচিব) |
| ১৮. | চট্টগ্রাম-৩ (কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলা) | কুমিল্লা শিল্পকলা একাডেমি | ১৬ সেপ্টেম্বর থেকে ২০ সেপ্টেম্বর ২০২৫ | **চট্টগ্রাম ৩ ও ৪ আঞ্চলিক:**<br>১।এস এম শাম্‌স ইলাহী, প্রোগ্রামার, বিটিভি, ঢাকা কেন্দ্র,(আহ্বায়ক)<br>২। মো: ইফতিয়ার আলম, রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বিটিভি সদর দপ্তর (সদস্য)<br>৩। আব্দুল্যাহ আল মামুন, প্রযোজক, ঢাকা কেন্দ্র (সদস্য সচিব) |
| ১৯. | চট্টগ্রাম-৪ (নোয়াখালী, লক্ষ্মীপুর ও ফেনী জেলা) | নোয়াখালী শিল্পকলা একাডেমি | ১১ সেপ্টেম্বর থেকে ১৪ সেপ্টেম্বর ২০২৫ | |

*** প্রতিটি বিভাগীয় এবং ঢাকা পর্বের অডিশনসমূহের জন্য শাখা ভিত্তিক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের একজন করে প্রতিনিধি এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসনের একজন করে প্রতিনিধি পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকবেন।

*** প্রতি অডিশন কমিটিকে অনুষ্ঠান কাজে সহযোগিতার জন্য প্রয়োজনীয় সংখ্যক ক্যামেরাসহ ক্যামেরা ম্যান, অনুষ্ঠান সহযোগী এবং কর্তব্যরত সহযোগী প্রয়োজন হবে।

*** অনিবার্য কারণে ভেন্যু পরিবর্তন হতে পারে,তবে তা যথাসময়ে অবহিত করা হবে।

### ৭.২. ঢাকা পর্ব অডিশন কমিটি

১. জেনারেল ম্যানেজার, বিটিভি ঢাকা কেন্দ্র, - আহবায়ক
২. জনাব মাহবুবা ফেরদৌস, অনুষ্ঠান নির্বাহী, বিটিভি, ঢাকা কেন্দ্র- সদস্য
৩. জনাব মো: সেলিম, (নিয়ন্ত্রক ডিজাইন) বিটিভি, ঢাকা কেন্দ্র- সদস্য
৪. জনাব মো: মঈনুল ইসলাম, বার্তা সম্পাদক, বিটিভি, ঢাকা কেন্দ্র- সদস্য
৫. জনাব মো: আরিফুল হাসান, নিয়ন্ত্রক (প্রকৌশল), বিটিভি, ঢাকা কেন্দ্র- সদস্য।
৬. জনাব মো: শহিদুল ইসলাম, নিয়ন্ত্রক, (ক্যামেরা-অনুষ্ঠান), ঢাকা কেন্দ্র - সদস্য।
৭. জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, কন্ট্রোলার/ প্রোগ্রাম ম্যানেজার, ঢাকা কেন্দ্র - সদস্য।
৮. জনাব মো: মনিরুল হাসান, কন্ট্রোলার/ প্রোগ্রাম ম্যানেজার, ঢাকা কেন্দ্র -সদস্য সচিব

**কার্যপরিধি: অডিশন কমিটি: আঞ্চলিক, বিভাগীয় ও ঢাকা পর্ব (প্রযোজ্যতা অনুযায়ী)**

১. কমিটি স্টিয়ারিং কমিটির নির্দেশনা অনুযায়ী প্রতিযোগিতার প্রতিটি ধাপে ভেন্যু নির্ধারণ এবং অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

২. বাছাই পর্বের অনুষ্ঠান সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে স্টিয়ারিং কমিটির পরামর্শ গ্রহণ করবেন এবং বিচারকমন্ডলীকে সততা, নিরপেক্ষতা ও পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালনে সার্বিক সহযোগিতা প্রদান করবেন। তবে তাদের বিচার কার্যক্রমে কোনরূপ হস্তক্ষেপ করবেন না।

৩. কেবল বিচারকগণ প্রত্যেক প্রতিযোগীকে নির্ধারিত নম্বর শীটে নম্বর প্রদান করবেন। সদস্য সচিব বিচারকগণ কর্তৃক প্রদত্ত নম্বর যোগ করে নির্ধারিত শীটে লিপিবদ্ধ করবেন এবং বিচারকমন্ডলী ও কমিটির সভাপতির স্বাক্ষরসহ লিপিবদ্ধকৃত মোট নম্বর পত্র 'নতুন কুঁড়ি' সেলে প্রেরণ নিশ্চিত করবেন।

৪. প্রত্যেক বিচারক অডিশন শেষ হওয়া মাত্রই প্রত্যেক প্রতিযোগীর প্রাপ্ত নম্বর সরবরাহকৃত নম্বর কার্ডের মাধ্যমে প্রদর্শন করবেন।

৫. কমিটিসমূহ ৬ নম্বর ক্রমিকে বর্ণিত বাছাই প্রক্রিয়ার নির্দেশনা অনুযায়ী বাছাই কার্যক্রম পরিচালনা করবেন।

৬. বিচারকমন্ডলী প্রদত্ত নম্বরই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

৭. নির্ধারিত দিনে সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ পর্যন্ত ২ শিফটে অডিশন কার্যক্রম চলবে। তবে অনিবার্য ক্ষেত্রে অডিশন কমিটি অডিশনের সময় হ্রাস -বৃদ্ধি করতে পারবে।

## ৮. পুরস্কার: (অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে)

১. ফাইনালে অংশগ্রহণকারী প্রতি বিষয়ে ০৫ জন প্রতিযোগীর প্রত্যেকেই সার্টিফিকেট প্রাপ্ত হবে।

২. প্রতি বিষয়ের তৃতীয় স্থান অর্জনকারীকে নগদ ৫০ হাজার টাকা প্রদান করা হবে।

৩. প্রতি বিষয়ের দ্বিতীয় স্থান অর্জনকারীকে নগদ ১ লক্ষ টাকা প্রদান করা হবে।

৪. প্রতি বিষয়ের প্রথম স্থান অর্জনকারীকে নগদ ২ লক্ষ টাকা প্রদান করা হবে।

৫. প্রতি শাখার (ক ও খ শাখা) একজন করে বিভিন্ন বিষয়ে মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২ জন প্রতিযোগীর প্রত্যেককে শ্রেষ্ঠ শিশু শিল্পী হিসেবে নগদ ৩ লক্ষ টাকা, ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হবে।

## ৯. কমিটি, উপকমিটি, সেলের সদস্যগণ, বিচারক মন্ডলীর ও পরিদর্শনকারী দলের সদস্যগণের সম্মানী এবং অনুষ্ঠান সংশ্লিষ্ট ব্যয় :

১. নতুন কুঁড়ি অনুষ্ঠান বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট আঞ্চলিক/বিভাগীয় বাছাই কমিটি, নতুন কুঁড়ি সেল, সকল পর্বের অডিশন কমিটি, পর্যবেক্ষক এবং স্টিয়ারিং কমিটি ও সকল উপকমিটি (সভা ভিত্তিক) সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

২. বিচারক প্যানেলের সদস্যগণ অডিশনে যাতায়াতের জন্য ০১ শিফট করে মোট ০২ শিফট এবং প্রতিদিন ০২ শিফটে বিচারকার্যের জন্য নির্ধারিত হারে সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

৩. সম্মানী বাবদ যাবতীয় ব্যয় ঢাকা কেন্দ্রের সম্মানী কোড থেকে এবং অনুষ্ঠান সংশ্লিষ্ট যাবতীয় ব্যয় ঢাকা কেন্দ্রের অনুষ্ঠান- অনুষ্ঠান/উৎসবাদি কোড থেকে নির্বাহ করা হবে। এছাড়া সরকারি কর্মকর্তাগণের ভ্রমণ ও দৈনিক ভাতা সংশ্লিষ্ট কার্যালয়ের ভ্রমণ ভাতা কোড থেকে নির্বাহ হবে। উৎসবাদি কোডে নতুন কুঁড়ি সংশ্লিষ্ট ব্যয় নির্বাহের জন্য সম্মানী কোড হতে ২,৮৭,০৫,৯০০/-উপযোজন করতে হবে।

৪. অনুষ্ঠানের বিচারকমন্ডলী ও কমিটির সদস্যগণের সম্মানী ও ভেন্যু স্থাপনসহ অনুষ্ঠান সংশ্লিষ্ট সকল ব্যয়ের বিভাজন পৃথকভাবে সংযুক্ত :

## ১০. প্রচার প্রচারণা:

১. দেশব্যাপী জনগণের মধ্যে ব্যাপক প্রচারের লক্ষ্যে এ অনুষ্ঠানের মূল থিমসং এবং কিছু টিভিসি নির্মাণ করে সকল টিভি চ্যানেলে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে। পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার ও বুস্টিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২. আঞ্চলিক ও বিভাগীয় পর্যায়ে বাছাই কার্যক্রম নির্বিঘ্নে সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতার জন্য কেবিনেট ডিভিশনের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কে অনুরোধ জানানো হবে এবং ভেন্যু নির্বাচনসহ অডিশন কার্যক্রম সুষ্ঠু ও সফল বাস্তবায়নে সার্বিক সহযোগিতার জন্য সকল জেলা প্রশাসক বরাবর ডিও প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে।

৩. 'নতুন কুঁড়ি' এর আবেদন সংক্রান্ত বিস্তারিত প্রক্রিয়া সম্বলিত একটি বিজ্ঞপ্তি তৈরী করে দেশের প্রথম সারির ০৫ টি পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. 'নতুন কুঁড়ি' প্রতিযোগিতার বিষয়টি বিভিন্ন মন্ত্রণালয় (তথ্য ও সম্প্রচার, প্রাথমিক ও গণশিক্ষা, শিক্ষা এবং সংস্কৃতি), বাংলাদেশ বেতার, বেসরকারি টিভি চ্যানেল, বিভিন্ন ওয়েব সাইট ও সোস্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ১১. স্টিয়ারিং কমিটি:

| | | |
|---|---|---|
| (১) | মহাপরিচালক, বিটিভি - | সভাপতি |
| (২) | উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বিটিভি - | সদস্য |
| (৩) | উপমহাপরিচালক (বার্তা), বিটিভি - | সদস্য |
| (৪) | উপমহাপরিচালক (অনুষ্ঠান), - | সদস্য |
| (৫) | প্রধান প্রকৌশলী, বিটিভি- | সদস্য |
| (৬) | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি - (২ জন) - | সদস্য |
| (৭) | অডিশন/বাছাই কমিটির আহবায়ক (সকল) - | সদস্য |
| (৮) | জেনারেল ম্যানেজার (ঢাকা কেন্দ্র), বিটিভি- | সদস্য-সচিব |

কার্যপরিধি:

(১) বাংলাদেশ টেলিভিশন 'নতুন কুঁড়ি' প্রোগ্রামের একটি ব্যয় প্রাক্কলনসহ পরিকল্পনা প্রণয়ন করে অনুমোদনের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক পরিকল্পনা অনুমোদনের পর স্টিয়ারিং কমিটি নির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠান বাস্তবায়ন করবেন।

(২) কমিটি একটি 'নতুন কুঁড়ি' সেল গঠন করবে। গঠিত সেল অডিশন কমিটিসমূহের সাথে যোগাযোগ রক্ষা, অডিশন কমিটি থেকে দৈনন্দিন প্রতিবেদন সংগ্রহ, টেবুলেশন সীট প্রস্তুত, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও অডিশন কমিটিসমূহের দৈনন্দিন কার্যক্রম স্টিয়ারিং কমিটির সভাপতির নিকট প্রতিবেদন আকারে উপস্থাপন করবে।

(৩) বিভিন্ন পর্যায়ের কমিটিসমূহের কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

(৪) কমিটি নির্ধারিত সময়ের মধ্যে পূর্ণাঙ্গ কর্মসূচি বাস্তবায়ন নিশ্চিত করবে।

(৫) স্টিয়ারিং কমিটির সভাপতি ও সদস্যগণ অডিশন চলাকালীন সরেজমিনে অডিশন কার্যক্রম মনটরিং করবেন। স্টিয়ারিং কমিটি প্রয়োজন অনুযায়ী অডিশন কমিটির সদস্য ও বিচারকমন্ডলীর সদস্যগণের পরিবর্তন করতে পারবেন।

(৬) নতুন কুঁড়ি একটি জাতীয় পর্যায়ের কর্মসূচি বিধায় নৈতিকতার সর্বোচ্চ মানদন্ড, নিরপেক্ষতা, পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালনে অডিশন কমিটিকে সার্বিক সহযোগিতা ও নির্দেশনা প্রদান করবেন এবং বাছাই কার্যক্রমে সার্বিক নিরাপত্তা ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকল্পে বিভাগীয় ও আঞ্চলিক অডিশন কমিটির সাথে নিয়মিত জুম সভায় মিলিত হয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করবেন। প্রতিদিনের সভায় অংশগ্রহনের জন্যে প্রত্যেকে নির্ধারিত হারে সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

(৭) কমিটি জাতীয় পর্যায়ের দক্ষ, সুনামের অধিকারী এবং পেশাদারীত্ব বিবেচনায় একটি শক্তিশালী বিচারক প্যানেল এবং প্রয়োজনীয় ক্ষেত্রে জুরি ও অবজার্ভার প্যানেল তৈরী করবেন এবং তাদেরকে প্রতিযোগিতার বিভিন্ন পর্যায়ে দায়িত্ব প্রদান করবেন।

(৮) কমিটি স্পন্সরশিপ ও বিজ্ঞাপন সংগ্রহের নিমিত্ত স্পন্সরশিপ ও বিজ্ঞাপন উপকমিটি গ্রহণ করবে এবং উপকমিটির দায়িত্ব নিরুপণপূর্বক সার্বিক বিষয়াদি মনিটর করবে।

১২. নতুন কুঁড়ি সেল:

(১) উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বিটিভি, সদর দপ্তর - সমন্বয়কারী

(২) উপমহাপরিচালক (অনুষ্ঠান), বিটিভি, সদর দপ্তর।

(৩) জেনারেল ম্যানেজার, বিটিভি, ঢাকা কেন্দ্র।

(৪) জনাব মো: আনোয়ার সাদাত, নিয়ন্ত্রক/ মুখ্য শিল্প নির্দেশক, বিটিভি, ঢাকা কেন্দ্র।

(৫) জনাব আল নাহিয়ান, প্রোগ্রামার, বিটিভি, ঢাকা কেন্দ্র।

(৬) জনাব মো: শফিউল ইসলাম, সহকারী পরিচালক (প্রশাসন), সদর দপ্তর, বিটিভি।

(৭) জনাব মো: নাজিম উদ্দিন, সহকারী পরিচালক (প্রশাসন), বিটিভি, সদর দপ্তর।

(৮) জনাব পান্না রানী ভদ্র, শিল্প নির্দেশক, বিটিভি, ঢাকা কেন্দ্র।

(৯) জনাব সানজিদা আক্তার, শিল্প নির্দেশক, বিটিভি, ঢাকা কেন্দ্র।

(১০) জনাব নুসরাত আরা, বিজ্ঞাপন আধিকারিক, বিটিভি, সদর দপ্তর।

(১১) জনাব মানজুরুল করিম, (সোশ্যাল মিডিয়ায় সংযুক্ত) বিটিভি, ঢাকা কেন্দ্র।

(১২) জনাব মো: রাজু আহমেদ, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, বিটিভি, সদর দপ্তর।

(১৩) জনাব মোমিনুল হক, উচ্চমান সহকারী (শিপিং), বিটিভি, সদর দপ্তর।

(১৪) জনাব মোঃ ইমামুন হোসেন, উচ্চমান সহকারী, বিটিভি, সদর দপ্তর।

কার্যপরিধি:
১. স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অডিশন কমিটিসমূহের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানসহ নিয়মিত যোগাযোগ রক্ষা করে প্রয়োজনীয় প্রতিবেদন প্রস্তুতপূর্বক স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করবে।
২. প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই করে কম্পিউটারে এন্ট্রি প্রদান এবং অঞ্চল ও বিভাগভিত্তিক টেবুলেশন শীট প্রস্তুত।
৩. উপযুক্ত প্রার্থীদের নামে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করবে।
৪. আঞ্চলিক বাছাই পর্যায়ে বিচারকমন্ডলী সরাসরি YES CARD প্রদান করবেন। নতুন কুঁড়ি সেল বিভাগীয় বাছাই থেকে ফাইনাল পর্বের ফলাফল বাছাই কমিটি থেকে সংগ্রহপূর্বক ফলাফল প্রচার করবে এবং তা সংরক্ষণ করে পরবর্তী পর্বসমূহের জন্য প্রতিবেদন প্রস্তুত করবে।
৫. সেল পরিচালনার জন্য আইটি শাখা হতে প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার/ল্যাপটপ ও ঢাকা কেন্দ্র হতে প্রয়োজনীয় পরিমাণ স্টেশনারী যেমন- কাগজ, কলম (লাল/কালো), পেন্সিল, ইরেজার, স্ট্যাপলার, মার্কার, ফাইল কাভার, পাঞ্চ মেশিন ইত্যাদি সংগ্রহ করে অডিশন কমিটিকে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে।
৬. প্রয়োজনীয় ফরম/শীট যেমন- রেজিস্ট্রেশন ফরম, অডিশন শীট (আঞ্চলিক), অডিশন শীট (বিভাগীয়), অডিশন শীট (চূড়ান্ত বাছাই), নম্বর পত্র (একক), নম্বর পত্র (যৌথ), হাজিরা শীট (প্রতিযোগী), হাজিরা শীট (কমিটি) ইত্যাদি প্রস্তুত/সংগ্রহ করে কমিটিসমূহকে সরবরাহ করবে।
৭. প্রোগ্রাম সংশ্লিষ্ট রেকর্ডপত্র ঢাকা কেন্দ্রের রেকর্ডরুমে/লাইব্রেরীতে সংরক্ষণ করতে হবে।
৮. স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

**১৩. স্পন্সর/ বিজ্ঞাপন সংগ্রহ উপকমিটি:**

১. জনাব মো: মামুন সরকার, পরিচালক (বিজ্ঞাপন), বিটিভি, সদর দপ্তর- আহ্বায়ক।
২. জনাব মো: আসাদুজ্জামান, নিয়ন্ত্রক/ মুখ্য চিত্রগ্রাহক ক্যামেরা শাখা, বিটিভি, ঢাকা কেন্দ্র- সদস্য।
৩. জনাব মোহাম্মদ সোলাইমান খান, বিজ্ঞাপন নির্বাহী, বিটিভি, সদর দপ্তর,-সদস্য।
৪. জনাব আশরাফুল ইসলাম ফয়সাল, তথ্য অফিসার, বিজ্ঞাপন শাখা, বিটিভি, সদর দপ্তর-সদস্য।
৫. জনাব মো: ওয়ালিদুর রহমান, তথ্য অফিসার, বিজ্ঞাপন শাখা, বিটিভি, সদর দপ্তর -সদস্য।
৬. জনাব সিদ্দিকুর রহমান, বিজ্ঞাপন নির্বাহী, বিটিভি, সদর দপ্তর - সদস্য সচিব।

কার্যপরিধি:

১. কমিটি বিভিন্ন পুরস্কার এবং প্রতিটি পর্বের জন্য স্পন্সরশিপ/বিজ্ঞাপন সংগ্রহ করবেন।

২. স্টিয়ারিং কমিটির অনুমোদনক্রমে স্পন্সরশিপ/বিজ্ঞাপন চুক্তি স্বাক্ষর করবেন।

**১৪. প্রকাশনা উপকমিটি:**

১. জনাব মো. আনোয়ার সাদাত, নিয়ন্ত্রক/মুখ্য শিল্প নির্দেশক, বিটিভি, সদর দপ্তর- আহ্বায়ক।

২. মোহাম্মদ সোলাইমান খান, বিজ্ঞাপন নির্বাহী, বিটিভি, সদর দপ্তর,-সদস্য।

৩. জনাব ফজলু দেওয়ান, উপপরিচালক (অর্থ), বিটিভি, সদর দপ্তর-সদস্য।

৪. জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, ঊর্ধ্বতন চিত্রগ্রাহক (বার্তা), বিটিভি, ঢাকা কেন্দ্র- সদস্য।

৫. জনাব মনিরুজ্জামান খান, প্রযোজক (বার্তা), বিটিভি, ঢাকা কেন্দ্র-সদস্য।

৬. জনাব মুহাম্মদ আশরাফুল আলম, সহকারী লাইসেন্স অফিসার, বিটিভি, সদর দপ্তর-সদস্য।

৭. জনাব আসিফা সিদ্দিকা, সহকারী পরিচালক (প্রশাসন), বিটিভি, সদর দপ্তর-সদস্য।

৮. জনাব বিধান চন্দ্র হালদার, ঊর্ধ্বতন শিল্প নির্দেশক, বিটিভি, ঢাকা কেন্দ্র-সদস্য সচিব

কার্যপরিধি:

১. কমিটি অডিশন কমিটিসমূহ এবং 'নতুন কুঁড়ি' সেল থেকে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করে নতুন কুঁড়ি ২০২৫ বাংলাদেশ টেলিভিশন নামে একটি খসড়া স্যুভেনির প্রস্তুতপূর্বক নতুন কুঁড়ি সেলের মাধ্যমে স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করবে।

২. স্টিয়ারিং কমিটির অনুমোদনক্রমে স্যুভেনির প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে।

৩.স্পন্সর ও বিজ্ঞাপন সংগ্রহ উপকমিটির সহযোগিতায় স্যুভেনিরের জন্য প্রয়োজনীয় বিজ্ঞাপন সংগ্রহন করবে।

৪. স্যুভেনির প্রকাশের যাবতীয় ব্যয় অনুমোদিত ব্যয় বিভাজন অনুযায়ী অনুষ্ঠান/উৎসবাদি কোড থেকে নির্বাহ করা হবে।

নতুন কুঁড়ি